# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৫২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - কারো সম্পদে অন্যায় হস্তক্ষেপ, ঋণ ও ক্ষতিপূরণ

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الرجل جَبَّار وَالنَّار جَبَّار» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

২৯৫২-[১৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পা দণ্ডহীন এবং আগুন দণ্ডহীন। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৪৫৯২, ইরওয়া ১৫২৬, য‘ঈফ আল জামি‘ ৩১১৩। কারণ যুহরী হতে বর্ণনায় সুফ্ইয়ান বিন হুসায়ন একজন দুর্বল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (الرِّجْلُ جُبَارٌ) অর্থাৎ- চতুস্পদ জন্তু পথে তার পা দ্বারা যা মাড়িয়ে থাকে, যাকে আঘাত করে তার কারণে কোনো দণ্ড নেই। ইবনুল মালিক বলেনঃ অর্থাৎ- প্রাণীর আরোহীকে যখন প্রাণী ফেলে দিবে অথবা প্রাণী তার পা দ্বারা যখন কোনো মানুষকে আঘাত করবে তখন তা দণ্ডহীন, আর যদি তাকে হাত দিয়ে (সামনের পা) আঘাত করে তাহলে তা দণ্ডনীয়। আর তা এ কারণে যে, আরোহী তার সামনের দিক নিয়ন্ত্রণ করতে ক্ষমতা রাখে, পেছনের দিক না। শাফি‘ঈ বলেনঃ হাত এবং পা উভয়টি যিম্মাদারীর ক্ষেত্রে সমান। (النَّارُ جُبَارٌ) প্রয়োজনে ত্রুটি ছাড়াই আগুন জ্বালানোর কারণে বিনা শত্রুতায় অগ্নিস্ফুলিঙ্গ যা জ্বালিয়ে দিয়েছে তার কারণে দণ্ড নেই। শারহুস্ সুন্নাহ্’তে আছে- কোনো ব্যক্তি যখন তার অধিকারের মাঝে আগুন জ্বালায়, অতঃপর বাতাস তাকে অন্যের সম্পদের দিকে এমনভাবে নিয়ে যায় যে, তাকে প্রতিহত করার ক্ষমতা রাখে না, তা দণ্ডহীন। আর এটা ঐ সময় যখন বাতাস শান্ত থাকার সময় আগুন জ্বালানো হয়, অতঃপর বাতাস প্রবাহিত হয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68279

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন